...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	নাসরীন আফরোজ ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	১৭ নভেম্বর ২০১৯
সভার সময়	সকাল ১০.০০ টা
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	"ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। তিনি ভবিষ্যতে যথাসময়ে সমন্বয় সভা অনুষ্ঠানের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ১৩/১০/২০১৯ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রম	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, নিয়োগকৃত আর্থিক প্রতিষ্ঠান অগ্রণী ব্যাংক যথাসময়ে কমপ্লায়েন্স রিপোর্ট প্রদান না করায় ৩ (তিন) কার্যদিবসের মধ্যে কমপ্লায়েন্স রিপোর্ট প্রদানের জন্য বিগত ১৩/১১/২০১৯ তারিখে একটি তাগিদপত্র প্রেরণ করা হয়েছে। সহকারী পরিচালক (উপবৃত্তি) আরও জানান, বিভিন্ন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীদের অভিযোগ পাওয়া গেছে যে, উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীদের বিপরীতে ট্রাস্ট কর্তৃক টিউশন ফি প্রদান করা হলেও কিছু প্রতিষ্ঠান উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের কাছ থেকে টিউশন ফি আদায় করছে।	(ক) অগ্রণী ব্যাংক ৩ (তিন) কার্যদিবসের মধ্যে কমপ্লায়েন্স রিপোর্ট না দিলে পুনরায় আরেকটি তাগিদপত্র প্রেরণ করা হবে। এরপরও রিপোর্ট পাওয়া না গেলে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় স্বয়ং ব্যাংক কর্তৃপক্ষের সঙ্গে কথা বলবেন। (খ) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের নিকট হতে টিউশন ফি আদায় না করার জন্য সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরারব পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি)

২.	সহকারী পরিচালক (প্রশাসন) জানান, ১৪/১১/২০১৯ তারিখে অনুষ্ঠিত "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত সভায় ২০১৯-২০ অর্থ বছরের প্রথম পর্যায়ে মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৭৬ (ছিয়াত্তর) জন, উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ে ১০৭ (একশত সাত) জন এবং স্নাতক পাস ও সমমান পর্যায়ে ৯ (নয়) জন শিক্ষার্থীকে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য নির্বাচিত করা হয়। "দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সভায় দূর্ঘটনায় গুরুতর আহত ৭ (সাত) জন শিক্ষার্থীকে এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য নির্বাচিত করা হয়। স্নাতক পর্যায়ের সকল মেডিকেল/প্রকৌশল বিশ্ববিদ্যালয়/কলেজসমূহে অধ্যয়নরত শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে আলোচনা হয়।	(ক) ১৪/১১/২০১৯ তারিখে "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং "দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত সভায় আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের নামের তালিকা ট্রাস্ট এর ওয়েবসাইটসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। (খ) স্নাতক পর্যায়ে বিশেষ করে মেডিকেল/প্রকৌশল বিশ্ববিদ্যালয়/কলেজসমূহে পড়ুয়া দরিদ্র শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদানের বিষয়টি পরীক্ষা নিরীক্ষা করা হবে। (গ) "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৯ (সংশোধিত)" এবং "দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯ (সংশোধিত)" ট্রাস্টের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৩.	যেহেতু ট্রাস্ট স্নাতক পাস পর্যায়ে দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মাঝে উপবৃত্তি প্রদান করে থাকে সেহেতু বিভিন্ন কাজে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-মেইল এড্রেস প্রয়োজন হয় বর্তমানে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-মেইল এড্রেস উপবৃত্তির শাখায় সংরক্ষিত নেই। যার কারণে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সাথে যোগাযোগ করতে হয়। এতে কালক্ষেপন হয়। এ কারণে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ই-মেইল এড্রেস সংগ্রহের বিষয়ে আলোচনা হয়।	সকল শিক্ষা প্রতিষ্ঠানের ই-মেইল, ফোন নম্বর ও যোগাযোগের ঠিকানা এড্রেস সংরক্ষণ করা হবে।	সহকারী পরিচালক (উপবৃত্তি) ও প্রোগ্রামার
৪.	প্রোগ্রামার প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল গঠনের প্রস্তাব প্রশাসন শাখায় পেশ করেছেন। ইতোপূর্বে প্রস্তুতকৃত পেনশন পরিকল্প পরীক্ষা নিরীক্ষা করে সুনির্দিষ্ট প্রস্তাবসহ তা ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদ এর সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের উপ-পরিচালক, সহকারী পরিচালক (প্রশাসন) এবং সহকারী পরিচালক (অর্থ ও হিসাব) সভা আহবানের মাধ্যমে তহবিল গঠনের প্রস্তাব ও পেনশন পরিকল্প পরীক্ষা নিরীক্ষা করে চূড়ান্ত করবেন।	সহকারী পরিচালক (প্রশাসন)
৫.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে ০৭ (সাত) জন অফিস সহায়ক, ০১ (এক) জন গার্ড এবং ০১ (এক) জন সুইপারসহ মোট ০৯ (নয়) জন আউটসোর্সিং এর মাধ্যমে নিযুক্ত আছে। উক্ত ০৯ (নয়) টি পদে নিয়োগকৃতদের মেয়াদ ৩০/১১/২০২০ তারিখে শেষ হয়ে যাবে। উক্ত পদ সমূহে স্থায়ীভাবে নিয়োগের বিষয়ে আলোচনা হয়।	২০২০ সালে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃতদের মেয়াদ শেষ হয়ে যাবে বিধায় ৯ (নয়) টি পদ রাজস্ব খাতে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৬.	উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির পর তাদের আর্থিকভাবে উপকৃত হওয়ার বস্তুনিস্ঠ তথ্য সংগ্রহ করে উপদেষ্টা পরিষদের সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	১২/১২/২০১৯ তারিখের মধ্যে নির্বাচিত কয়েকটি জেলায় কর্মকর্তা/কর্মচারীগণ ভ্রমন করে শিক্ষার্থীদের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে উপবৃত্তি প্রাপ্তির পর তাদের আর্থিকভাবে উপকৃত হওয়ার বস্তুনিস্ঠ তথ্য সংগ্রহ করবেন। ট্রাস্টের উপ-পরিচালক (উপসচিব) কর্মকর্তা/কর্মচারীগণ কোন্ কোন্ জেলায় যাবেন তা নির্ধারণ করে দিবেন।	উপ-পরিচালক

৭.	ট্রাস্টের প্রোগ্রামার জানান, বিগত সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ই-মেইল এড্রেস md_pmedutrust@yahoo.com এর পরিবর্তে mdpmeat@gmail.com তৈরি করা হয়েছে। ট্রাস্টের ওয়েব এড্রেস পরিবর্তনের লক্ষ্যে BTCL হতে ৫ বছর মেয়াদী pmeat.gov.bd ডোমেইন কেনা হয়েছে। পূর্বের ডোমেইন ২০২০ সাল পর্যন্ত চালু থাকবে।	(ক) ডোমেইন হোস্টিং এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (BCC) বরাবর পত্র প্রেরণ করা হবে। (খ) ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের কক্ষে একটি রাউটার স্থাপন করা হবে।	প্রোগ্রামার
৮.	ব্যবস্থাপনা পরিচালক জানান, বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানে ভিডিও কনফারেন্স সিস্টেম থাকলেও ট্রাস্টে এ ধরণের ব্যবস্থা নেই। এ সিস্টেম থাকলে মাঠ পর্যায়ে সরাসরি অংশীজনদের সাথে যোগাযোগ করতে সুবিধা হয়। ট্রাস্টে ইনফো সরকার প্রকল্প ফেজ -২ এর মাধ্যমে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের বিষয়ে আলোচনা হয়।	ইনফো সরকার প্রকল্প ফেজ -২ এর মাধ্যমে ট্রাস্টে ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপনের বিষয়ে সিদ্ধান্ত হয়।	প্রোগ্রামার
৯.	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে বিভিন্ন ট্রেনিং এর অংশ হিসেবে বিদেশ ভ্রমনের ক্ষেত্রে ট্রাস্টের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করার বিষয়ে আলোচনা হয়। ট্রাস্টের উপ-পরিচালক জানান, এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব ড. অরুণা বিশ্বাসের সঙ্গে আলোচনা হয়েছে । তিনি APA, ইনোভেশন টিম-এর বিভিন্ন ট্রেনিং এ ট্রাস্টের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করা যাবে মর্মে মতামত প্রকাশ করেছেন।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের APA, ইনোভেশন টিম-এর বিভিন্ন ট্রেনিং এর অংশ হিসেবে ট্রাস্টের কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করার জন্য সিনিয়র সচিব মহোদয়কে (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়) অনুরোধ করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
১০.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, ট্রাস্টের সম্মেলন কক্ষ সংলগ্ন ০৩ (তিন) টি ওয়াশরুম অতিক্রম করে ট্রাস্টের সম্মেলন কক্ষে প্রবেশ করতে হয়। ওয়াশরুম থেকে প্রায়ই দুর্গন্ধ আসে তাই তিনি সম্মেলন কক্ষের ওয়াশরুমসহ মোট ০৪ (চার) টি ওয়াশরুমে ডোর ক্লোজার লাগানোর প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তাদের ওয়াশরুম, কর্মচারীদের ওয়াশরুম, মহিলাদের ওয়াশরুম এবং সম্মেলন কক্ষের ওয়াশরুমসহ মোট ০৪ (চার) টি ওয়াশরুমে ডোর ক্লোজার লাগানো হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
১১.	ট্রাস্ট অফিসে বিভিন্ন রুমের দেয়াল স্যাঁতস্যাঁতে হয়ে রং নষ্ট এবং বিভিন্ন গ্লাস ডোরের লক নষ্ট হয়ে যাওয়ায় এগুলো মেরামতের বিষয়ে আলোচনা হয়।	বিভিন্ন কক্ষের স্যাঁতস্যাঁতে দেয়ালের রং লাগানো এবং গ্লাস ডোরের লক মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)

১২.	সহকারী পরিচালক (প্রশাসন) জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র ভবনের দ্বিতীয় তলায় অবস্থিত। উক্ত ভবনের মূল পানির লাইনে সমস্যা থাকায় ট্রাস্ট অফিসে প্রায়ই পানি আসে না। এ কারণে ট্রাস্ট অফিসের পানির লাইন আলাদা করণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। এ ছাড়া তৃতীয় তলার ওয়াশরুমের ময়লা পানি ট্রাস্ট অফিসের সম্মেলন কক্ষ সংলগ্ন দুইটি ওয়াশরুমে প্রবেশ করায় ওয়াশরুমের পানি নিষ্কাশনের লাইন মেরামতের অনুরোধ জানিয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের পানির লাইন ভবনের মূল লাইন থেকে আলাদা করার জন্য ব্যক্তিগতভাবে তাগিদ দিয়ে কাজ সম্পন্ন করতে হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

নাসরীন আফরোজ
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.২৩৩

তারিখ: ৬ অগ্রহায়ণ ১৪২৬
২১ নভেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপ-পরিচালক, উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
২) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

RJahan

রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক